

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৪২টি প্রতিষ্ঠানকে ৩.০৮ লক্ষ টাকা জরিমানা

২২ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, মানিকগঞ্জ, নোয়াখালী, ভোলা, নড়াইল, কুমিল্লা, কিশোরগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী ও পাবনায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে বাদল বেকারীকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আইয়ুব বেকারীকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর ভাসানটেক এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মেসার্স শাহাদাত হোটেল এন্ড রেস্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে স্পাইসি ফাস্ট ফুড এন্ড রেস্টুরেন্টকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক জুবায়ের আহমেদের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরীর কতোয়ালী থানায় ৫টি প্রতিষ্ঠানকে ১,৩৫,০০০/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদের নেতৃত্বে মানিকগঞ্জের হরিরামপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচশত) টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের রাজৈর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা এবং পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এএসএম মাসুম-উদ দৌল্যার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকাসহ মোট ২,৩৮,৫০০/- (দুই লক্ষ আটত্রিশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য এবং প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১২টি বাজার তদারকির মাধ্যমে ৪২টি প্রতিষ্ঠানকে মোট ৩,০৮,৫০০/- (তিন লক্ষ আট হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)  
সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, মানিকগঞ্জ, নোয়াখালী, ভোলা, নড়াইল, কুমিল্লা, কিশোরগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী ও পাবনা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, মানিকগঞ্জ, নোয়াখালী, ভোলা, নড়াইল, কুমিল্লা, কিশোরগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী ও পাবনা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।